দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-২০/২০২৩ তারিখঃ২২/০৩/২০২৩ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক-বন্দর) এর কার্যালয়, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, আগ্রাবাদ, চট্টগ্রাম, এর স্মারক নং-সিএমপি/ট্রাফিক-বন্দর/রমজান-২০২৩/৩২৫, তারিখঃ ১৩/০৩/২০২৩ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক-বন্দর) এর কার্যালয়
চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
আগ্রাবাদ, চট্টগ্রাম।

স্মারক নং- সিএমপি/ট্রাফিক-বন্দর/রমজান-২০২৩/৩২৫ তারিখঃ ১৩/০৩/২০২৩ খ্রিঃ

বরাবর
সভাপতি/সাধারণ সম্পাদক
সি এন্ড এফ এসোসিয়েশন
সিএন্ডএফ ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

আসন্ন পবিত্র রমজান ও ঈদুল ফিতর/২০২৩ উপলক্ষে বন্দর কেন্দ্রিক যানজট নিরসন ও জনসাধারণের নির্বিঘ্নে চলাচলের লক্ষ্যে ট্রাফিক-বন্দর বিভাগ কর্তৃক জনস্বার্থে পূর্বের ন্যায় গৃহীত নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হল।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | চট্টগ্রাম বন্দর কেন্দ্রিক যানজট নিরসন ও নগরবাসীর নির্বিঘ্নে চলাচলের জন্য বিকাল ৩.০০ ঘটিকা হতে সন্ধ্যা ৭.০০ ঘটিকা পর্যন্ত চট্টগ্রাম বন্দরে কন্টেইনার/লংভেহিক্যাল/ট্রেইলার/ট্রাক/কাভার্ডভ্যান/টেংকলরী চলাচলের উপর নিয়ন্ত্রণ আরোপ করা হবে। | বন্দর কর্তৃপক্ষ/টিআই (বন্দর/ইপিজেড) সকল কন্টেইনার ডিপো প্রাইম মুভার মালিক/শ্রমিক সংগঠন/ট্রাক কভার্ডভ্যান মালিক/শ্রমিক গ্যারেজ কর্তৃপক্ষ |
| ২ | চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে যানবাহন ইন/আউট কার্যক্রম অধিকতর ত্বরান্বিত করার লক্ষ্যে গেইটে নিয়োজিত বন্দর কর্তৃপক্ষের লোকবল বৃদ্ধি করার জন্য বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ/এসি (ট্রাফিক-বন্দর) টিআই (বন্দর) |
| ৩ | কাস্টমস ও সিএন্ডএফ কর্তৃপক্ষ সমন্বয়সাধন করে ডকুমেন্ট পূর্বে প্রস্তুতপূর্বক ছাড়পত্র/গেইট পাস সংগ্রহ করে ট্রেইলার/লংভেহিক্যালসমূহ বন্দর গেইটে অপেক্ষা না করে সরাসরি বন্দর অভ্যন্তরে প্রবেশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। বন্দর গেইটের সম্মুখে রাস্তার উপর ছাড়পত্রবিহীন লংভেহিক্যাল/ট্রেইলার/ট্রাক/কাভার্ড-ভ্যান অপেক্ষমান না রাখার জন্য অনুরোধ করা হয়। বন্দরে স্ক্যানিং ও গেইট কাস্টমস্ এ অনেক সময় কর্মচারী/কর্মকর্তা অনুপস্থিতির কারণে গেইটের আনুষাঙ্গিক কার্যক্রমে বিলম্ব হয় ও যানজটের সৃষ্টি হয়। বিলম্ব রোধের জন্য কাস্টমস্ কর্তৃপক্ষ/সিএন্ডএফ এর একজন ফোকাল অফিসার কাজ করবেন এবং টিআই বন্দর ফোকাল অফিসারের সাথে সমন্বয়সাধন পূর্বক কাজ করবেন। | টিআই-বন্দর/ইপিজেড/বন্দর কর্তৃপক্ষ/কাস্টমস্ কর্তৃপক্ষ ও কাস্টমস্ ফোকাল অফিসার/সিএন্ডএফ কন্টেইনার ডিপো প্রতিনিধি প্রাইম মুভার মালিক/শ্রমিক সংগঠন/গ্যারেজ কর্তৃপক্ষ |
| ৪ | লংভেহিক্যাল/ট্রেইলার/ট্রাক/কাভার্ডভ্যানের চালকগণ সার্বক্ষণিক নিজ নিজ যানবাহনে অবস্থান করবেন। চালকবিহীন গাড়ী পাওয়া গেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। | সংশ্লিষ্ট টিআই লংভেহিক্যাল/ট্রেইলার/ট্রাক/কাভার্ডভ্যানের মালিক/শ্রমিক সংগঠন |
| ৫ | লংভেহিক্যাল/ট্রেইলার/ট্রাক/কাভার্ডভ্যানসমূহ রাস্তার আকস্মিকভাবে বিকল/নষ্ট হলে তাৎক্ষণিকভাবে তা অপসারণের জন্য প্রাইম মুভার মালিক ও শ্রমিক সমিতি/গ্যারেজ কর্তৃপক্ষ ০২ (দুই) জন দক্ষ চালক ও ০২ (দুই) জন অভিজ্ঞ টেকনেশিয়ান নিয়োগ প্রদান করবেন এবং এরা সল্টগোলা ক্রসিং-এ অবস্থান করবেন ও টিআই-বন্দর এর নির্দেশনা মোতাবেক কাজ করবেন। | টিআই (বন্দর) প্রাইম মুভার মালিক/শ্রমিক সংগঠন/গ্যারেজ কর্তৃপক্ষ |

দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

| | | |
|---|---|---|
| ৬ | সল্টগোলা হতে ইপিজেড পর্যন্ত রাস্তায় স্বাভাবিক যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী ট্রাক/কাভার্ডভ্যান/লংভেহিক্যাল/ট্রেইলার এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | টিআই (বন্দর/ইপিজেড) প্রাইম মুভার মালিক-শ্রমিক সংগঠন বন্দর ট্রাক মালিক সমিতি/গ্যারেজ কর্তৃপক্ষ |
| ৭ | ইপিজেড এর ছুটির সময় ইপিজেড মোড়ে যানজট সৃষ্টি হয়। এ যানজট নিরসনকল্পে ইপিজেড এর বড়বড় কারখানা গুলি একসাথে ছুটি না দিয়ে পর্যায়ক্রমে ছুটি দেওয়ার জন্য বেপজা কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। টিআই (ইপিজেড) বেপজা কর্তৃপক্ষের সাথে এ ব্যাপারে সমন্বয়সাধন করবেন। | টিআই (ইপিজেড) বেপজা কর্তৃপক্ষ |
| ৮ | যানজট নিরসনকল্পে প্রাইম মুভার/ট্রাক মালিক/শ্রমিক সংগঠন গুলো পূর্বের ন্যায় কমিউনিটি ট্রাফিক পুলিশ নিয়োগ করবেন এবং নিজনিজ উদ্যোগে মাইকিং এর ব্যবস্থা করবেন। সংশ্লিষ্ট এলাকার টিআই ইহার সমন্বয় করবেন। | টিআই (বন্দর/ইপিজেড) প্রাইম মুভার মালিক-শ্রমিক সংগঠন বন্দর ট্রাক মালিক সমিতি/গ্যারেজ কর্তৃপক্ষ |
| ৯ | রমজান মাসে দেশের দুর দুরান্ত থেকে আগত মালবাহী ট্রাক, কাভার্ডভ্যান ও লংভেহিক্যাল/প্রাইমমুভার বন্দর এলাকাসহ নগরীতে চলাচলের সময় গাড়ীর বৈধ কাগজপত্র সংঙ্গে রাখতে হবে। অপ্রাপ্ত বয়স্ক কোন চালককে গাড়ীতে নিয়োগ দেয়া যাবে না। সুনির্দিষ্ট কোন অভিযোগ না থাকলে সিগন্যাল না দেয়া/ডকুমেন্ট পরীক্ষার নামে থামানো যাবে না। অযথা কোন চালক যাতে হয়রানীর শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | সকল টিআই ট্রাফিক-বন্দর বিভাগ |
| ১০ | পূর্ব ঘোষিত সরকারী সিদ্ধান্তের প্রেক্ষিতে পবিত্র ঈদ-উল ফিতরের আগে ০৩ দিন ও পরে ০৩ দিন মালবাহী ট্রাক, কাভার্ডভ্যান ও লংভেহিক্যাল/প্রাইম মুভারসহ সকল পণ্যবাহী যানবাহন চট্টগ্রাম-ঢাকা মহা-সড়কে চলাচল নিয়ন্ত্রণ করা হবে।<br>তবে বিশেষ ক্ষেত্রে পঁচনশীল পণ্য ও রপ্তানীযোগ্য জরুরী মালবাহী গাড়ী চলাচলের ক্ষেত্রে তা শিথিল করা হবে। | এডিসি (ট্রাফিক-বন্দর/পশ্চিম), এপিসি (ট্রাফিক-বন্দর/পশ্চিম), সকল টিআই (ট্রাফিক-বন্দর) জোনসহ সংশ্লিষ্ট পরিবহন মালিক/শ্রমিক সমিতি |
| ১১ | দিনের বেলায় বন্দরে ট্রেন প্রবেশ ও বের হওয়ার সময় বন্দরের সল্টগোলাসহ বন্দর এলাকায় যানজট সৃষ্টি হওয়ায় সীমিত সময়ের জন্য (বিকাল ১৫.০০ ঘটিকা হতে ১৯.০০ ঘটিকা পর্যন্ত) ট্রেন চলাচল নিয়ন্ত্রনের বিষয়ে বন্দর কর্তৃপক্ষ/রেলওয়ে কর্তৃপক্ষ এর সাথে আলোচনা পূর্বক ট্রেন চলাচল নিয়ন্ত্রণের জন্য রেলওয়ের একজন প্রতিনিধি সল্টগোলা ক্রসিং-এ নিয়োজিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কাস্টম কর্তৃপক্ষ/বন্দর কর্তৃপক্ষ/রেলওয়ে-(পূর্বাঞ্চল) কর্তৃপক্ষ, এডিসি (ট্রাফিক-বন্দর), এপিসি (ট্রাফিক-বন্দর), টিআই-বন্দর/সল্টগোলা |
| ১২ | সিপিএআর গেইট হতে টোল প্লাজা পর্যন্ত রাস্তার উভয় পাশে যাতে কোন গাড়ী অবৈধ পার্কিং করতে না পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এডিসি (ট্রাফিক-বন্দর)/এসি(ট্রাফিক-বন্দর)/টিআই(প্রশাসন-বন্দর)/টিআই বন্দর/সল্টগোলা |

স্বাঃ/-
(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)
বিপি-৭৮০৮১২১৬১৫
উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক-বন্দর)
চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
চট্টগ্রাম